

Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 16 April, 2025

নেত্রকোণার কেন্দুয়া উপজেলায় কীটনাশক পানে মো. শুব মিয়া (২০) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। তিনি গড়াডোবা ইউনিয়নের পাথারিয়া গ্রামের মৃত শাহাজাহান মিয়ার ছেলে। বুধবার (১৬ এপ্রিল) সকাল ৮টার দিকে নিজ জমিতে কীটনাশক প্রয়োগের সময় বিষপান করেন শুব। এতে তিনি অসুস্থ হয়ে পড়লে পরিবারের সদস্যরা তাকে কেন্দুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে জরুরি বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

খবর পেয়ে কেন্দুয়া সার্কেলের সহকারী পুলিশ সুপার গোলাম মোস্তফা, থানার পরিদর্শক (তদন্ত) ওমর কাইয়ুমসহ পুলিশের একটি দল হাসপাতাল ও ঘটনাস্থল পরিদর্শন করেন।

শুব মিয়ার চাচা জানান, তার মৃত্যুর সুনির্দিষ্ট কারণ জানা না গেলেও পরিবারের মধ্যে দীর্ঘদিন ধরে জমি সংক্রান্ত বিরোধ ছিলো।

এ বিষয়ে কেন্দুয়া থানার পরিদর্শক (তদন্ত) ওমর কাইয়ুম বলেন, “নিহতের বোনের দাবি অনুযায়ী, শুবের মানসিক সমস্যা ছিল এবং পরিবারের কারো প্রতি তাদের কোনো অভিযোগ নেই। বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে।”

নেত্রকোণা মৃত্যু স্বাস্থ্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:57

URL: <https://timestodaybd.com/mymensingh/775807938>